

স্বাক্ষরিত
২৫/২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা

নং-০৫.১৯৬.০২৩.০০.০০.০১৩.২০১০-২১

তারিখ : ১২ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিঃ

বিষয় : ২০১৫ সালের জন্য 'জনপ্রশাসন পদক নীতিমালা'র বাস্তবায়ন সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, 'জনপ্রশাসন পদক নীতিমালা-২০১৫' ইতোমধ্যে জারী হয়েছে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। সাধারণ ও কারিগরি (০২) দুটি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান এ (০৩) তিন শ্রেণিতে ১টি করে মোট (০৬) ছয়টি করে পুরস্কার জাতীয় ও জেলা পর্যায়ে প্রদান করা হবে। উক্ত পুরস্কার প্রদান কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি নীতিমালার ৮ নং ধারায় সন্নিবেশিত রয়েছে। নীতিমালা প্রণয়ন ও প্রকাশনাজনিত অনিবার্য বিলম্বের কারণে জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটি কর্তৃক মনোনয়ন আহ্বান এবং বাছাই এর নির্ধারিত সময়সূচি ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। জনপ্রশাসন পদক প্রদান কার্যক্রম এ বছর (২৩ জুন, ২০১৫ খ্রিঃ) থেকেই বাস্তবায়নের উদ্দেশ্যে পদক প্রদান সংক্রান্ত সময়সূচি নিম্নরূপ পরিবর্তন করা হলো :

মনোনয়ন আহ্বান	-	১৫ মার্চের মধ্যে
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	-	২৫ মার্চের মধ্যে
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	০৫ এপ্রিলের মধ্যে
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	-	১২ এপ্রিলের মধ্যে
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	২৩ এপ্রিলের মধ্যে
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	৩০ এপ্রিলের মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	-	১০ মে'র মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	২১ মে'র মধ্যে
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ মে'র মধ্যে
পুরস্কার ঘোষণা	-	২৩ জুন

পরিবর্তিত সময়সূচি অনুযায়ী মনোনয়নের জন্য আবেদন আহ্বান এবং পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অধীনস্থ অধিদপ্তর/ পরিদপ্তর/ দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তাছাড়া মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত সময়সূচি অনুযায়ী মনোনয়নের জন্য আবেদন আহ্বান ও অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পরিবর্তিত সময়সূচি শুধু বর্তমান (২০১৫) সালের জন্য প্রযোজ্য হবে এবং পরবর্তী বছরগুলোতে নীতিমালায় বর্ণিত সময়সূচি অনুসরণ করতে হবে।

(আরিফুল হক)
সিনিয়র সহকারী সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,

..... মন্ত্রণালয়/বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (সিপিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।